

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৭০৯

পর্ব-১৮: প্রশাসন ও বিচারকার্য (১ হার্টা)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

اَلْفَصْلُ الثَّانِيْ

### আরবী

وَعَنْ مُعَاوِيَةَ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: ﴿إِنَّكَ إِذَا اتَّبَعْتَ عَوْرَاتِ النَّاسِ أَفْسَدْتَهُمْ» . رَوَاهُ الْبَيْهَقِيُّ فِي ﴿شُعَبِ الْإِيمَانِ»

### বাংলা

৩৭০৯-[৪৯] মু'আবিয়াহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ তুমি যদি মানুষের লুক্কায়িত দোষ-ক্রটি অনুসন্ধানে থাকো, তাহলে তুমি তাদেরকে বিপর্যস্ত বিপদগ্রস্ত করে ফেলবে। (বায়হাক্কী-শু'আবুল ঈমান)[1]

### ফুটনোট

[1] সহীহ : আবূ দাউদ ৪৮৮৮, শু'আবুল ঈমান ৯২১২, সহীহ আল জামি' ২২৯৬, সহীহ আত্ তারগীব ২৩৪২।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: উল্লেখিত হাদীসে মানুষের দোষ-ক্রটি অম্বেষণ না করতে বলা হয়েছে। আর কেউ অম্বেষণ করে তাহলে সে যেন তাদেরকে খারাপ করে ফেলে।

ইমাম ত্বীবী (রহঃ) বলেনঃ উক্ত হাদীসে সম্বোধনটা 'আম্ আর বিষয়টা পূর্বের হাদীসে শাসকের সাথে খাস ছিল। সুতরাং বিষয়টা শুধু আমীরের সাথে সম্পৃক্ত, এরূপ সন্দেহে যেন আমীর না পড়ে বরং বিষয়টা প্রত্যেক ঐ ব্যক্তির সাথে সম্পৃক্ত যারা মানুষের দোষ-ক্রটি অম্বেষণ করে বেড়ায়, চাই সে আমীর হোক বা প্রজা হোক। আর যদি আমরা বলি এখানে সম্বোধন দ্বারা উদ্দেশ্য হচ্ছে মু'আবিয়াহ্, তাহলে এ হাদীসই দলীল তিনি আমীর হওয়ার। (মিরকাতুল মাফাতীহ)



## হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ মু'আবিয়াহ ইবন আবূ সুফিয়ান (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন